গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭১/২০১৯-২০২০
ঢাকা ১৯ ফেব্রুয়ারি বুধবার ২০২০, ৬ ফাল্গুন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতীয় সংসদে বছরের প্রথম অধিবেশন সমাপ্ত
২। চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা চাই : সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী
৩। মুজিববর্ষ উদযাপনে যেন বাড়াবাড়ি না হয় : আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী
৪। মুজিববর্ষ উপলক্ষে সংসদে বিশেষ অধিবেশন ২২ ও ২৩ মার্চ
৫। বর্জ্যকে কাজে লাগানোর তাগিদ প্রধানমন্ত্রীর
মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন
৬। রাষ্ট্রপতির সঙ্গে নেপালের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ
৭। বাংলাদেশ-নেপাল পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক : বাণিজ্যে বাধা দূর করতে টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত
৮। খালেদা জিয়ার মুক্তির বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের ফোনকলের রেকর্ড আছে : সেতুমন্ত্রী
৯। গুজব ও অপপ্রচার রোধে তথ্য মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ের একটি কমিটি কাজ করছে : সংসদে তথ্যমন্ত্রী
১০। সিনেমা হল রক্ষায় সম্মিলিত প্রচেষ্টার আহ্বান তথ্যমন্ত্রীর
১১। সংসদে বিল পাস : কোম্পানি লোগো নিবন্ধন করতে হবে না
১২। ১০ বছরে বিদ্যুতে ভর্তুকি ৫২ হাজার কোটি টাকা : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৩। করোনাভাইরাসের কারণে চীন থেকে ফল আমদানির পক্ষে নয় সরকার : কৃষিমন্ত্রী
১৪। চীনকে মেডিকেল সামগ্রী হস্তান্তর করে বাংলাদেশ
১৫। বিশ্বের কাছে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল : টেকনাফে শিক্ষামন্ত্রী
১৬। কচুরিপানা খেতে বলিনি, গবেষণা করতে বলেছি : প্রকাশিত সংবাদের ব্যাখ্যা প্রদান করে পরিকল্পনামন্ত্রী

**১। জাতীয় সংসদে বছরের প্রথম অধিবেশন সমাপ্ত**

একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় বছরের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির দেওয়া ভাষণের ওপর আনীত ধন্যবাদ প্রস্তাব নিয়ে দীর্ঘ আলোচনা শেষে তা সর্বসম্মতক্রমে গ্রহণ করা হয়েছে। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঐ প্রস্তাব গ্রহণের পর সংসদ অধিবেশন সমাপ্তি সংক্রান্ত রাষ্ট্রপতির আদেশ পড়ে শোনান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৬)।

**২। চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা চাই : সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' সামনে রেখে চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা কামনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক ও ধর্ষকদের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি পুনর্ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, এসবের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে। কাউকে ছাড় দিচ্ছে না। অগ্নিসন্ত্রাস, নাশকতা, নানা ষড়যন্ত্রসহ বৈরী অবস্থা মোকাবিলা করেই সরকার দেশকে সবদিক থেকে এগিয়ে নিয়ে যাচ্ছে। দেশের এ অগ্রযাত্রার ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সর্বাত্মক সহযোগিতা কামনা করে তিনি বলেন, দেশবাসীকে বলব জঙ্গি-সন্ত্রাস, মাদক ব্যবসায়ী ও ধর্ষকদের আইনশৃঙ্খলা বাহিনীর হাতে ধরিয়ে দিন। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর সাধারণ আলোচনা ও সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩)।

**৩। মুজিববর্ষ উদযাপনে যেন বাড়াবাড়ি না হয় : আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপনে বাড়াবাড়ি যেন না হয় সেজন্য দলের সংসদ সদস্যদের সতর্ক করে দিয়েছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। তিনি বলেন, পঁচাত্তরে জাতির পিতাকে হত্যার পর কী ধরনের পরিস্থিতি সৃষ্টি হয়েছিল, সেটা আমরা দেখেছি। সেটা আমাদের মনে রাখতে হবে। তাই অতি উৎসাহী হয়ে কিছু না করে বরং নতুন প্রজন্মের সামনে জাতির পিতার আত্মত্যাগের কথা তুলে ধরতে হবে। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনের নবম তলায় সরকারি দলের সভাকক্ষে আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪। মুজিববর্ষ উপলক্ষে সংসদে বিশেষ অধিবেশন ২২ ও ২৩ মার্চ**

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদ্‌যাপন উপলক্ষে আগামী ২২ ও ২৩ মার্চ সংসদে বিশেষ অধিবেশন বসবে। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় সমাপনী বক্তৃতায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

**৫। বর্জ্যকে কাজে লাগানোর তাগিদ প্রধানমন্ত্রীর**
**মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন**

বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরিত্যক্ত বর্জ্যকে পরিবেশসম্মত প্রক্রিয়ায় কাজে লাগানোর নির্দেশ দিয়েছেন তিনি। এ প্রসঙ্গে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে একটি বিদেশি কোম্পানির আগ্রহকে স্বাগত জানিয়েছেন তিনি। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকেন্দ্রে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী এবং একনেকের চেয়ারপারসন শেখ হাসিনা। একনেকে গতকাল মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিসহ ৯টি প্রকল্প অনুমোদিত হয়। এগুলো সবই নতুন প্রকল্প। এসব প্রকল্পে মোট ব্যয় ধরা হয়েছে ১৩ হাজার ৬৩৯ কোটি টাকা। মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিসহ এ ব্যয়ে আট হাজার ৮৮৬ কোটি টাকা দেবে সরকার। ২৯৩ কোটি টাকা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব। এসব প্রকল্পের মধ্যে বিদেশি ঋণ নেওয়া হবে একমাত্র প্রকল্প মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিতে। লাইন অভ্ ক্রেডিট (এলওসি) পদ্ধতিতে চার হাজার ৪৫৯ কোটি টাকা ঋণ দেবে ভারত। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** ( শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১.ক.৪)।

**৬। রাষ্ট্রপতির সঙ্গে নেপালের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ**

নেপালের সফররত পররাষ্ট্রমন্ত্রী প্রদীপ কুমার গাওয়াল গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এ সময় রাষ্ট্রপতি বাংলাদেশ এবং নেপালের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা কাজে লাগানোর প্রয়োজনীয়তার গুরুত্বারোপ করেন। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ও নেপালের ব্যাপক সম্ভাবনা রয়েছে। এ সম্ভাবনা যথাযথভাবে কাজে লাগাতে পারলে উভয় দেশ লাভবান হবে। রাষ্ট্রপতি দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে দু'দেশের মধ্যে সরকারি ও বেসরকারি পর্যায়ে প্রতিনিধিদের সফর বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৫)।

৭। **বাংলাদেশ-নেপাল পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক : বাণিজ্যে বাধা দূর করতে টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত**

বাংলাদেশ ও নেপালের মধ্যে বাণিজ্য বাধা দূর করতে একটি টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত নিয়েছে দুই দেশ। পাশাপাশি প্রতিরক্ষা সহযোগিতা, পানিসম্পদ ব্যবস্থাপনা, বিদ্যুৎ ও জ্বালানি খাতসহ ট্রানজিট ও কানেক্টিভিটিতে সহযোগিতা বাড়াতে একমত হয়েছে নেপাল-বাংলাদেশ । গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশ ও নেপালের মধ্যে পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। আর নেপালের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী প্রদীপ কুমার গাওয়ালি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫),**সংবাদ** ( শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৮। **খালেদা জিয়ার মুক্তির বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের ফোনকলের রেকর্ড আছে : সেতুমন্ত্রী**

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর টেলিফোন করে কী বলেছেন, তার রেকর্ড রয়েছে বলে জানিয়েছেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে খুলনা বিভাগীয় আওয়ামী লীগের যৌথ সভা শেষে প্রেস ব্রিফিংয়ে সেতুমন্ত্রী এসব কথা বলেন। গতকাল মির্জা ফখরুল দাবি করেন, খালেদা জিয়ার মুক্তির জন্য প্যারোলের অনুরোধ জানিয়ে তিনি কোনো ফোন করেননি। এ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী বলেন, ‘ফখরুল সাহেব আমাকে ফোন করে অনুরোধ করেছেন খালেদা জিয়ার মুক্তির ব্যাপারে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলার জন্য। আমি প্রধানমন্ত্রীকে বিষয়টি জানিয়েছি। অসত্য কথা আমি কেন বলব?’। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।

৯। **গুজব ও অপপ্রচার রোধে তথ্য মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ের একটি কমিটি কাজ করছে : সংসদে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গুজব ও অপপ্রচার প্রতিরোধে তথ্য মন্ত্রণালয়ের ‘গুজব প্রতিরোধ ও অবহিতকরণ সম্পর্কিত ১৯ সদস্যবিশিষ্ট উচ্চপর্যায়ের একটি কমিটি রয়েছে। উচ্চপর্যায়ের এ কমিটি গুজবসংক্রান্ত তথ্য আদান-প্রদান এবং কমিটির আওতাভুক্ত দপ্তরগুলোর গুজব প্রতিরোধে নিজ নিজ দপ্তরের বিধিবিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে থাকে। গুজবের বিষয়ে সত্যতা পাওয়া গেলে সোস্যাল মিডিয়া থেকে জরুরি ভিত্তিতে লিংকগুলো বন্ধ ও প্রত্যাহারে বিটিআরসি তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করে থাকে। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **সংবাদ** ( শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

১০। **সিনেমা হল রক্ষায় সম্মিলিত প্রচেষ্টার আহ্বান তথ্যমন্ত্রীর**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ দেশের সিনেমা হলগুলো রক্ষার জন্য সম্মিলিত প্রচেষ্টার আহ্বান জানিয়ে বলেছেন, সিনেমা হলগুলো যদি টিকে থাকে তবে চলচ্চিত্র শিল্প এবং শিল্পীরা বেঁচে থাকবে। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রী তাঁর কার্যালয়ের সভা কক্ষে চলচ্চিত্র শিল্পের সঙ্গে যুক্ত বিভিন্ন অংশীজনদের সঙ্গে এক বৈঠকে আরো বলেন, সরকারের লক্ষ্য দেশের চলচ্চিত্র শিল্পের স্বর্ণযুগ ফিরিয়ে আনা এবং বৈশ্বিক সিনেমা বাজার দখল নেওয়া। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **জনকন্ঠ** ( শেষ পৃ,ক.৭), **নিউ নেশন** (পৃ.২,ক.৫)।

১১। **সংসদে বিল পাস : <u>কোম্পানি লোগো নিবন্ধন করতে হবে না</u>**

ব্যবসা-বাণিজ্য সহজ করতে কোম্পানি রেজিস্ট্রেশনের সময় লোগো রেজিস্ট্রেশনের বিধান তুলে দিয়ে ‘কোম্পানি (সংশোধন) বিল-২০২০’ শীর্ষক বিল পাস করেছে জাতীয় সংসদ। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি বিলটি পাসের প্রস্তাব করলে তা কন্ঠভোটে পাস হয় । সূত্র- **ভোরের কাগজ** (পৃ.২,ক.৬), **জনকন্ঠ** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** ( শেষ পৃ,ক.৪)।

১২। **১০ বছরে বিদ্যুতে ভর্তুকি ৫২ হাজার কোটি টাকা : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

গত ১০ বছরে বিদ্যুৎ খাতে সরকার ৫২ হাজার ২৬০ কোটি টাকা ভর্তুকি দিয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। বিদ্যুৎ প্রতিমন্ত্রী বলেন, সরকারি ও বেসরকারি উভয় খাতে প্রতি ইউনিট বিদ্যুতের উৎপাদন ব্যয় ফার্নেস অয়েলভিত্তিক গড়ে ১৩-১৪ টাকা, ডিজেলভিত্তিক ২৫-৩০ টাকা, গ্যাসভিত্তিক ২ দশমিক ৫০ টাকা। এর বিপরীতে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বাল্ক পর্যায়ে সরবরাহ ব্যয় প্রতি ইউনিট ৫ দশমিক ৮২ টাকা এবং বাল্ক পর্যায়ে গড় বিক্রয়মূল্য ৪ দশমিক ৮০ টাকা। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১),**সংবাদ** ( শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে ( শেষ পৃ,ক.৮)।**

১৩। **করোনাভাইরাসের কারণে চীন থেকে ফল আমদানির পক্ষে নয় সরকার : কৃষিমন্ত্রী**

প্রাণঘাতী করোনাভাইরাস ছড়িয়ে পড়া চীন থেকে ফল আমদানিতে ব্যবসায়ীদের নিরুৎসাহিত করছে সরকার। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত চীন থেকে কোনো ফল আমদানির পক্ষে নয় সরকার। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে ফল আমদানিকারকদের সঙ্গে বৈঠক শেষে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক সাংবাদিকদের এমন তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

**১৪। চীনকে মেডিকেল সামগ্রী হস্তান্তর করে বাংলাদেশ**

প্রাণঘাতী করোনাভাইরাস ছড়িয়ে পড়া চীনের পাশে দাঁড়িয়েছে বাংলাদেশ। বন্ধুত্বের অংশ হিসেবে দেশটিকে ১০ লাখ গ্লাভসসহ মেডিকেল সামগ্রী দেওয়া হয়েছে। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর রমনায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন ও স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক যৌথভাবে চীনের রাষ্ট্রদূত লি জিমিংয়ের হাতে মেডিকেল সামগ্রীর একটি বাক্স আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন। অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী বলেন, চীন কঠিন সময় পার করছে। চীন সফলতার সঙ্গে প্রতিকূল ঐ পরিস্থিতি মোকাবিলা করছে। আর এতে সর্বতভাবে তাদের পাশে আছে বাংলাদেশ। স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আমরা বন্ধুতের প্রতীক হিসেবে ঐ মেডিকেল সামগ্রী চীনে পাঠাচ্ছি। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**১৫। বিশ্বের কাছে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল : টেকনাফে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ম্যাজিকে দেশ এগিয়ে যাচ্ছে। বিশ্বের কাছে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। সততা, দেশপ্রেম, জনগণের প্রতি দায়িত্ববোধ ও আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে বঙ্গবন্ধুকন্যা শুধু কক্সবাজার নয়, গোটা দেশে উন্নয়ন কর্মযজ্ঞ চালিয়ে যাচ্ছেন। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) কক্সবাজারের টেকনাফে সাবরাং ট্যুরিজম পার্কে দ্বিতীয় জাতীয় কমিউনিটি বেইজড স্কাউট ক্যাম্প উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.৭,ক.৫)।

**১৬। কচুরিপানা খেতে বলিনি, গবেষণা করতে বলেছি : প্রকাশিত সংবাদের ব্যাখ্যা প্রদান করে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, কচুরিপানা নিয়ে তার বক্তব্য কোনো কোনো সংবাদমাধ্যমে 'বিকৃতভাবে' উপস্থাপন করা হয়েছে। তিনি বলেন, কৃষি বিজ্ঞানীদের কচুরিপানা নিয়ে গবেষণা করতে অনুরোধ করেছেন তিনি, কাউকে কচুরিপানা খেতে বলেননি। গতকাল (১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা শেষে ব্রিফিংয়ে নিজের আগের বক্তব্যের ব্যাখ্যা দেন তিনি। **সমকাল** (পৃ.৭,ক.১), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৩)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** প্রধান শিক্ষক ছাড়াই চলছে ৭ হাজার ১৮ প্রাথমিক বিদ্যালয় উল্লেখ করে উন্নত জাতি গঠনে প্রাথমিক পর্যায়ে ন্যূনতম শিক্ষার পরিবেশ বজায় রাখতে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **ইনকিলাব :** দেশের সড়ক-মহাসড়কগুলোতে দুর্ঘটনায় গড়ে প্রতিদিন ঝরে যাচ্ছে প্রায় ২০ জনের প্রাণ উল্লেখ করে অদক্ষ ও অযোগ্য চালক এবং ফিটনেসবিহীন যানবাহন চলাচল সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ হওয়ায় এব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যায়যায়দিন, সমকাল** : নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে রান্নাঘরে জমে থাকা গ্যাসের আগুনে একই পরিবারের নারী ও শিশুসহ আটজন দগ্ধ হওয়ার কথা উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার পাশাপাশি গ্যাসের চুলা ব্যবহারে সচেনতার আহ্বান ।

**ঘ.** **যুগান্তর** : করোনাভাইরাসের কারণে বড় ধরনের সংকটে পড়েছে দেশের গার্মেন্টস সেক্টর উল্লেখ করে বস্ত্র খাতে করোনাভাইরাসের নেতিবাচক প্রভাব জোরেশোরে পড়ার আগেই নীতিনির্ধারকরা এ খাতকে রক্ষায় পদক্ষেপ নেবেন বলে আশাবাদ প্রকাশ।

**ঙ.** **সংবাদ** : নোট-গাইড বইয়ের প্রশ্নের অনুকরণে পাবলিক পরীক্ষার প্রশ্ন প্রণয়ন করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে প্রশ্ন প্রণয়নে ত্রুটি দূর করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**চ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষায় সচেতনতার আহ্বান।

**ছ.** **নিউ এজ** : নিরাপদ খাদ্য সংস্থার নমুনা জরিপে ৬৩টি খাদ্যপণ্যে ভারী ধাতব পদার্থের উপস্থিতি পাওয়ায় চাষাবাদ ও জনস্বাস্থ্যের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট সংস্থাকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলা ভাষার শুদ্ধ উচ্চারণ, সঠিক ব্যবহার ও প্রয়োগ এবং সঠিক বানান রীতির ওপর বাঙালি হিসেবে সবাইকে অপরিহার্যভাবে যত্মবান হতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম বন্ধে প্রয়োজন আইনের যথাযথ প্রয়োগ'** শিরোনামের নিবন্ধে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধে একটি শিশুবান্ধব সমাজব্যবস্থা গড়ে তুলতে হবে এবং শিশু আইনের যথাযথ প্রয়োগ করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/২০২০/৯.০০ঘন্টা